

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়
জয়পুরহাট
www.joypurhat.gov.bd

জয়পুরহাট জেলা ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত অ্যাকশন কমিটির সেক্টম্বর/ ২০২৩ইং মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : সালেহীন তানভীর গাজী
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট।
স্থান : জেলা ম্যাজিস্ট্রেটের সম্মেলন কক্ষ
তারিখ : ১০/০৯/২০২৩ খ্রি:, সময় : দুপুর ১২.১০ ঘটিকা
উপস্থিতি : পরিশিষ্ট-“ক” দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর গত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত বিষয়সমূহ আলোচনা করা হয়।

ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট বলেন, অ্যান্টিবায়োটিকের অপব্যবহার রোধে জনগণ ও ঔষধ ব্যবসায়ীদের মাঝে নিয়মিত সচেতনতামূলক সভার আয়োজন করা হচ্ছে। জেলা ও উপজেলায় ফার্মেসীগুলোতে অ্যান্টিবায়োটিকের অপব্যবহার রোধে সচেতনতা সংক্রান্ত ব্যানার প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে। নকল ও ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে জেলা সদর ও উপজেলায় মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে। ডেঙ্গু রোগের জন্য ব্যবহৃত স্যালাইনের সংকট থাকলেও সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে তা বিক্রয় হচ্ছে।

তিনি আরও বলেন, গত আগষ্ট মাসে জয়পুরহাট জেলায় ১১০টি ফার্মেসী ও ০১টি ঔষধ প্রস্তুতকারক প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে ০৪টি মোবাইল কোর্টের মাধ্যমে ১৩টি মামলায় ৪১,৫০০/-টাকা অর্থদণ্ড করা হয়েছে। মার্চ পর্যায়ের ঔষধের মান যাচাই করার জন্য ১১টি ঔষধের নমুনা বগুড়ার মিনি ল্যাবে এবং ০৫টি ঔষধের নমুনা ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরী, ঢাকাতে প্রেরণ করা হয়েছে। ভেজাল ঔষধ নিয়ন্ত্রণ করার নিমিত্তে ঔষধ ব্যবসায়ীদের নিয়ে ০২টি জনসচেতনতামূলক সভার আয়োজন করা হয়েছে।

সিভিল সার্জন, জয়পুরহাট বলেন, দেশে ডেঙ্গুর প্রাদুর্ভাবের কারণে জয়পুরহাট জেলায় স্যালাইনের স্বল্পতা রয়েছে এবং কোন কোন ফার্মেসী বেশি দামে স্যালাইন বিক্রয় করছে। ফার্মেসীতে স্যালাইনের মজুদ ও অধিক দামে বিক্রয় রোধে জেলা ও উপজেলা পর্যায়ে মোবাইল কোর্ট পরিচালনা করা আবশ্যিক।


বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও সভার সভাপতি বলেন, ডেঙ্গু রোগের চিকিৎসায় ব্যবহৃত স্যালাইনের স্বল্পতা দূর করতে সংশ্লিষ্টদের নির্দেশ দেন। তিনি আরও বলেন- অ্যান্টিবায়োটিক পূর্ণ কোর্সে বিক্রয় করতে হবে এবং প্রত্যেক ফার্মেসীতে অ্যান্টিবায়োটিক রেজিস্টার সংরক্ষণ করতে হবে। প্রেসক্রিপশন ব্যতীত অ্যান্টিবায়োটিক ঔষধ বিক্রি বন্ধে ফার্মেসীর সম্মুখে ব্যানার প্রদর্শন করতে হবে। কোন ঔষধ ব্যবসায়ী প্রেসক্রিপশন ব্যতীত অ্যান্টিবায়োটিক বিক্রয় করলে তার বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য তিনি সংশ্লিষ্টদের নির্দেশনা দেন। ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে জেলা সদর ও উপজেলায় মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।

অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

নং	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	জয়পুরহাট জেলার প্রতিটি ফার্মেসীর সম্মুখে “এই ফার্মেসীতে বিএমডিসির রেজিস্টার্ড ডাক্তারের প্রেসক্রিপশন ও ফুল কোর্স ছাড়া অ্যান্টিবায়োটিক বিক্রি করা হয় না ” লিখা ব্যানার প্রদর্শন করতে হবে।	১) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট ২) সভাপতি, বিসিডিএস, জয়পুরহাট

২.	মোবাইল কোর্টের মাধ্যমে ভেজাল ঔষধ নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং প্রেসক্রিপশন ব্যতীত অ্যান্টিবায়োটিক বিক্রয় করলে ফার্মেসীর মালিকের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	১) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট ২) উপজেলা নির্বাহী অফিসারগণ, জয়পুরহাট ৩) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট
৩.	ঔষধের মান যাচাই করার জন্য ঔষধের নমুনা নিয়মিত ন্যাশনাল কন্ট্রোল ল্যাবরেটরীতে প্রেরণ করতে হবে।	ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট
৪.	নকল, ভেজাল, মেয়াদোত্তীর্ণ ঔষধ ও অ্যান্টিবায়োটিকের অপব্যবহার রোধে নিয়মিত জনসচেতনতামূলক সভার আয়োজন করতে হবে।	১) উপজেলা নির্বাহী অফিসারগণ, জয়পুরহাট ২) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট ৩) সভাপতি, বিসিডিএস, জয়পুরহাট ৪) বাংলাদেশ হোমিওপ্যাথিক অ্যাসোসিয়েশন, জয়পুরহাট
৫.	জেলার প্রত্যেক ফার্মেসীতে প্রশিক্ষিত ফার্মাসিস্টের উপস্থিতি নিশ্চিত করতে হবে ও সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে ঔষধ বিক্রয় অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	১) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট ২) সভাপতি, বিসিডিএস, জয়পুরহাট
৬.	ডেঙ্গু রোগের চিকিৎসায় ব্যবহৃত স্যালাইনের মজুদ রোধে এবং সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের অধিক দামে কেউ যাতে বিক্রয় করতে না পারে সে জন্য মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।	১) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, জয়পুরহাট ২) সিভিল সার্জন, জয়পুরহাট ৩) উপজেলা নির্বাহী অফিসারগণ, জয়পুরহাট ৪) ঔষধ তত্ত্বাবধায়ক, জয়পুরহাট ৫) সভাপতি, বিসিডিএস, জয়পুরহাট

পরিশেষে সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করা হয়।



(সালেহীন তানভীর গাজী)

জেলা ম্যাজিস্ট্রেট

ও

সভাপতি

জেলা ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত অ্যাকশন কমিটি

জয়পুরহাট

☎ ০২৫৮৯৯১৫০৫১

dcjoypurhat@mopa.gov.bd